



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

তারিখ: ২০ নভেম্বর, ২০২২

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ ইনস্টিটিউটের সঙ্গে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইবিএসের চুক্তি স্বাক্ষর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের সঙ্গে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজের (আইবিএস) সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। আজ রবিবার (২০ নভেম্বর) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইবিএসের সেমিনার কক্ষে এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান হয়। বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর ড. মো. মনিরুজ্জামান শাহীন। আর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর মোহাম্মদ নাজিমুল হক। এসময় উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. মশিউর রহমান এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর গোলাম সাব্বির সান্তার। এই সমঝোতা স্মারক স্বাক্ষরের ফলে দুই বিশ্ববিদ্যালয়ের গবেষকরা তাদের গবেষণা তথ্য আদান-প্রদান করতে পারবেন। এরফলে গবেষণার নতুন ক্ষেত্রও উন্মোচিত হবে।

মো. আতাউর রহমান
পরিচালক
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়